# সীমান্তে প্রয়োজনে বিজিবির পাশে দাঁড়াবে জনগণ: জামায়াত আমির




জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

সীমান্ত ইস্যুতে রাজনৈতিক বিভাজনের ঊর্ধ্বে উঠে জাতীয় ঐক্যের আহ্বান জানিয়েছেন বিরোধী দলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি বলেছেন, সীমান্ত নিয়ে সংসদে একসুরে অবস্থান নেওয়া গেলে আন্তর্জাতিক মহলেও বাংলাদেশের ঐক্যবদ্ধ অবস্থানের বার্তা পৌঁছাত।

শুক্রবার (৩ জুলাই) নেত্রকোণা সার্কিট হাউসে আয়োজিত এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।

ডা. শফিকুর রহমান বলেন, সংসদের প্রতিটি সদস্যই দেশের মানুষের প্রতিনিধি। তাই দেশের সার্বভৌমত্ব রক্ষার প্রশ্নে সবাইকে একসঙ্গে কাজ করতে হবে। তিনি বলেন, দেশের এক ইঞ্চি ভূমি তো দূরের কথা, এক মুঠো বালুতেও কাউকে দখল নিতে দেওয়া হবে না।

তিনি আরও বলেন, প্রয়োজন হলে সীমান্তে বিজিবির পাশে সাধারণ মানুষও দাঁড়াবে। তার ভাষায়, বিজিবির হাতে থাকবে অস্ত্র, আর জনগণের শক্তি হবে দেশপ্রেম। অতীতেও এমন ঐক্যবদ্ধ অবস্থানের কারণে অনেক অপচেষ্টা ব্যর্থ হয়েছে বলে মন্তব্য করেন তিনি।

LENS ASIA

সরকারি উন্নয়ন বরাদ্দ নিয়েও সমালোচনা করেন জামায়াতের আমির। তার অভিযোগ, সরকারি দলের সংসদ সদস্যদের এলাকায় বিভিন্ন উন্নয়ন প্রকল্প ও অনুদান দেওয়া হলেও বিরোধী দলের প্রতিনিধিত্বকারী এলাকাগুলো একই ধরনের সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে।

তিনি বলেন, রাষ্ট্র পরিচালনার দায়িত্বে থাকা ব্যক্তিদের কোনো দল বা অঞ্চলের নয়, পুরো দেশের মানুষের প্রতি সমান দায়িত্ব রয়েছে। তাই উন্নয়ন ও সেবার ক্ষেত্রে বৈষম্যের পরিবর্তে সমতা নিশ্চিত করা উচিত।